



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৪২/ক/অনু:/২০১১/ ২৭৬৫

তারিখ: ১২/০১/২০২৫

বিষয়: পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নরসিংদী জেলার শিবপুর উপজেলায় অবস্থিত “ শিবপুর মডেল কলেজ ” এর পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ:


আবশ্যিক:	১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
মানবিক:	১। পৌরনীতি ও সুশাসন ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৩। কৃষিশিক্ষা ৪। অর্থনীতি ৫। সমাজবিজ্ঞান
ব্যবসায় শিক্ষা:	১। হিসাববিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪। ভূগোল
বিজ্ঞান:	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন ৩। জীব বিজ্ঞান ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ১। শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। এই অনুমতির মেয়াদ আগামী ০২ (দুই) বছর কার্যকর থাকবে।
- ৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- ৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৮। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

- ৯। কলেজে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এনটিআরসিএ দ্বারা নিবন্ধনকৃত হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- ১০। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সবসময় জমা রাখতে হবে।
- ১১। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১৩। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১৪। কলেজের ক্ষেত্রে নির্ধারিত কমিটি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে। (সভাপতির মাধ্যমে)।
- ১৫। কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
- (ক) পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩(তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য অবশ্যই আবেদন করতে হবে।
- (খ) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
- (গ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
- (ঘ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা করতে হবে।
- ১৫। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপ্রাপ্ত প্রত্যাহার বা বাতিল করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


 প্রফেসর মো: রিজাউল হক
 কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
 ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),
 শিবপুর মডেল কলেজ (EIIN: 136269)
 শিবপুর, নরসিংদী।

মেমো নং- ২৭৬৫ (৫)

তারিখ: ১২/০১/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।


 কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
 ঢাকা।

